দৈনিক ইনকিলাব

তারিখ 19 JUL 2012
পৃষ্ঠা ২ কলাম ৩

# বিদেশের কেন্দ্রগুলোতে পাসের হার ৯৪.৪১%

বিশ্ববিদ্যালয় রিপোর্টার :২০১২ সালের এইচএসসি পরীক্ষায় দেশের বিভিন্ন বোর্ডের মত বিদেশের কেন্দ্রগুলোতেও ভাল ফলাফল হয়েছে। বিদেশের ৫টি কেন্দ্র থেকে জিপিএ-৫ পেয়েছে ৩২ জন। এবছর বিদেশের ৫টি কেন্দ্রে মোট ১৭৯ জন পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে পাস করেছে ১৬৯ জন পরীক্ষার্থী। পাসের হার ৯৪ দশমিক ৪১ শতাংশ। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৩২ জন। বিদেশী কেন্দ্রগুলোর মধ্যে জেদ্দার বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ থেকে ৫৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছেন ৫৭ জন। জিপিএ-৫ পেয়েছেন ১৩ জন। এছাড়া অন্যান্য ৪টি সেন্টার দোহার বাংলাদেশ মাশহুর উল হক মেমোরিয়াল স্কুল এন্ড কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ৮ জন। আবুধ শেখ খলিফা বিন জায়েদ বাংলাদেশ ইসলামিয়া স্কুল এন্ড কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ৫ জন। রিয়াদের বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ থেকে জিপিএ-৫ পেয়েছে ৬ জন এবং ত্রিপলির বাংলাদেশ কমিউনিটি স্কুল এন্ড কলেজ। এই প্রতিষ্ঠান থেকে তিন জন পরীক্ষা দিয়ে কেউ পাস করতে পারেনি।